Kumudini CARES

# Kumudini Bulletin

September - December : 2025

কুমুদিনী বুলেটিন

(সেপ্টেম্বর - ডিসেম্বর : ২০২৫)

## শ্রদ্ধা ও ভালবাসায় কুমুদিনীর প্রাণ পুরুষ দানবীর আর পি সাহা-র ১২৯তম জন্মজয়ন্তী উদ্‌যাপিত

## 129th Birth Anniversary of Philanthropist R P Shaha Celebrated with Respect and Devotion




*Celebration of the 129th birth anniversary of their distinguished son philanthropist Ranada Prasad Shaha. The programme was organized by the villagers of Mirzapur.*

কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের প্রতিষ্ঠাতা শহীদ রায় বাহাদুর দানবীর রণদা প্রসাদ সাহা-র ১২৯তম জন্মদিন মির্জাপুরে দুই দফায় বিপুল উৎসাহ ও উদ্দীপনার সঙ্গে পালিত হয়।

তাঁর জন্ম ১৮৯৬ খ্রিষ্টাব্দের ১৫ নভেম্বর, ১৩০২ বঙ্গাব্দের উত্থান একাদশী তিথিতে।

মির্জাপুর এলাকাবাসী প্রতি বছর তাদের গ্রামের কৃতী সন্তান আর পি সাহা-র জন্মদিনটি পালন করেন জন্মতিথি অনুসারে। এ বছর তিথিটি ছিল ১ নভেম্বর শনিবার। এ উপলক্ষে গ্রামের রণদা নাটমন্দিরে বিকেলে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

কুমুদিনী হাসপাতালের পরিচালক ও শ্রী শ্রী হরিসভা কমিটির সভাপতি ডা. প্রদীপ কুমার রায়ের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রথম দফার জন্মজয়ন্তী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সিনিয়র অ্যাডভোকেট নিহাদ কবির। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সাবেক সংসদ সদস্য আবুল কালাম আজাদ সিদ্দিকী, মির্জাপুর পৌর বিএনপি-র সভাপতি হযরত আলী

The 129th birth anniversary of philanthropist Ranada Prasad Shaha, the founder of the Kumudini Welfare Trust, was celebrated in Mirzapur with due dignity, enthusiasm, and reverence through two different programmes.

He was born on 15 November 1896, corresponding to Utthan Ekadoshi Tithi 1302 (Bengali calendar).

Every year, the local residents of Mirzapur observe the birth anniversary of their illustrious son, R. P. Shaha, according to the Bengali date. This year, the observance fell on Friday, 1 November. On this occasion, a discussion meeting and a cultural programme were organized in the afternoon at the Natmondir of the village.

The first day's event was presided over by Dr Pradip Kumar Roy, Director of Kumudini Hospital and President of Sri Sri Harisabha Committee. The chief guest was Senior Advocate Nihal Kabir. Among others present were former Member of Parliament Mr Abdul

মিঞা, কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা, পরিচালক প্রতিভা মুৎসুদ্দি, শ্রীমতী সাহা, মহাবীর পতি ও শম্পা সাহা, কুমুদিনীর সকল প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দ, শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ, স্থানীয় প্রশাসনের কর্মকর্তা এবং এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ। অনুষ্ঠানে উপস্থিত বিশিষ্ট ব্যক্তিগণের আলোচনা ছাড়াও শিশু শিল্পীদের পরিবেশনায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

দ্বিতীয় জন্মজয়ন্তী অনুষ্ঠানটি উদ্‌যাপিত হয় ১৫ নভেম্বর ভারতেশ্বরী হোম্‌স প্রাঙ্গণে অপরাহ্নে। অনুষ্ঠানটি ছিল শ্রদ্ধা, স্মৃতি, ভালোবাসা ও সাংস্কৃতিক মর্যাদার এক অপূর্ব সমাবেশ। ছাত্রীদের পাইপ ব্যান্ডের সুরে গার্ড-অব-অনার, তাদের নিখুঁত ড্রিল প্রদর্শনী দর্শকদেরকে সৌন্দর্যের এক মনোমুগ্ধকর পরিবেশ উপহার দেয়। অনুষ্ঠানে ট্রাস্টের এমডি রাজীব প্রসাদ সাহা-র শুভেচ্ছা বক্তব্য ও পরিচালক প্রতিভা মুৎসুদ্দির হৃদয়স্পর্শী ভাষণ কুমুদিনীর প্রাণপুরুষ রণদা প্রসাদ সাহা-র মহাজীবন ও সমাজে তাঁর অবদানের কথা শুনে শ্রোতারা ঋদ্ধ হয়। অনুষ্ঠানে ভারতেশ্বরী হোম্‌সের অধ্যক্ষ ড. মন্দিরা চৌধুরী ছাত্রীদের উদ্দেশ্যে প্রেরণাদায়ক বক্তব্য প্রদান করেন।

বক্তব্য শেষে 'আনন্দলোকে মঙ্গলালোকে' গানটির সাথে শত শত প্রদীপ প্রজ্বালন দৃশ্য এক মোহনীয় পরিবেশের সৃষ্টি করে। জন্মদিনের কেক কাটা এবং অতিথি অভ্যাগতদের আপ্যায়ন শেষে পি পি এম হলে হোম্‌সের ছাত্রীদের পরিবেশনায় রবি ঠাকুরের চিত্রাঙ্গদা নৃত্যনাট্যটি পরিবেশিত হয়।

উভয় দিনের অনুষ্ঠানে কুমুদিনী হাসপাতালে চিকিৎসারত রোগীদের বরাবরের মতো বিশেষ খাবার পরিবেশন করা হয়। ●

Kalam Azad Siddiqui, Mirzapur Municipality BNP President Hazart Ali Miha, Managing Director of Kumudini Welfare Trust Mr Rajiv Prasad Shaha, Directors Ms Protiva Mutsuddi, Mrs Srimati Shaha, Mr Mahabir Pati and Mrs Shampa Shaha, officials of Kumudini institutions, teachers, students, local administration officials, and distinguished members of the community.

Alongside speeches by eminent guests, a delightful cultural programme was organized featuring performances by local child artists.

The second day of the birth anniversary programme was observed on 15 November at Bharateswari Homes premises in the afternoon. The event was a unique gathering of respect, remembrance, love, and cultural dignity. A guard of honour performed by students with pipe band music and disciplined drills captivated the audience.

Speeches by Trust Managing Director Mr Rajiv Prasad Shaha and Director Ms Protiva Mutsuddi highlighted the life, achievements, and social contributions of R P Shaha. The Principal of Bharateswari Homes, Dr Mondira Chowdhury, delivered an inspiring address to the students.

At the conclusion, hundreds of candles were lit to the song "Anandaloke Mangalaloke", creating a serene and spiritual atmosphere. The event ended with cake-cutting and a graceful dance-drama based on Rabindranath Tagore's Chitrangada, performed by Bharateswari Homes students at PPM Hall.

On both days, special meals were arranged for patients undergoing treatment at Kumudini Hospital. ●



*Inspecting the guard of honour and drills performed by the students of Bharateswari Homes at the anniversary programme.*

# From the Page of History : Felicitation Given to Bahadur R.P. Shaha in 1956



## Rai Bahadur R. P. Shaha

RAI BAHADUR,

WE, your erstwhile Comrades-in-Arms, of the 49th Bengalis and Bengal Ambulance Corps greet you to-day as a distinguished Soldier, an outstanding businessman and above all a great humanist. Indeed it is difficult to survey your eventful life and adequately asses your merits.

YOUR natural instinct to serve humanity urged you to join the Bengal Ambulance Corps (First World War) and attached to General Townsends' Brigade in the seige of Kut-el-Amara, you displayed superb tact in acts of great heroism when others fumbled. Later your marshal trait brought you in the folds of the Bengalee Double Company, the first ever Bengalee Military unit in the British regime. When the 49th Bengali Regiment went on active service in 1917, you remained behind as the Senior Indian Officer at Karachi for training of Bengali recruits for active services, a job that was well done. On the conclusion of the First World War, you were rightly selected to represent the 49th Bengalis along with a N. C. O. and a soldier in the Peace Celebrations in London.

RETURNING from war services, you served the E. B. Rly. and Port Comissioners, Calcutta for some time. Later on you took over the rein of the famous Bengal River Service Company. Here by sheer merit and organisational ability you proved your real worth and the Goddess of wealth smiled on you. You earned money not by thousands but by lacs and gave away in lacs for causes of humanity and your name became a legend. You converted all your assets in your revered mother's name which you styled as 'Kumudini Trust'.

AMONGST your many philanthropic activities, to name only a few are your munificent contributions to the Rabindra Nath Memorial Fund, Calcutta University, Red Cross Fund, setting up of a Women's College at Tangail (Mymensingh) and feeding of large number of destitute and hungry people everyday during the 1943 famine. It was not a man's job but was of a divinity and we do not know of any individual who could be more human.

YOUR village home Mirjapur, now aptly called the 'Haven in Kumudini', received your entire attention. Your creation there of the Kumudini Hospital giving free treatment to 1000 patients, Bharateswari Homes, a magnificient free School for girls, Sovasundari Dispensary and Debendra College at Manickgunj bear eloquent testimony of yourself and your noble spouse and daughters.

RAI Bahadur, you are not only a great man of the country but a world citizen. You belong to no nation, but to the whole humanity. We whole-heartedly join in your dream of a two thousand bed Hospital, a Womens University for five thousand students, a Teachers' Training College, a Medical College, a Nurses Training College and a College for power-driven Cottage Industry all in your native village, Mirjapur, covering an expenditure of eight crores of rupees. We also urge you to keep in your mind the need of the distressed humanity elsewhere and also the cause of your poverty stricken Army Comrades.

MAY your dreams come true with the blessings of Mother Durga who is your source of Inspiration.

Yours in fraternity,

CALCUTTA.

*Dated, the 2nd October, 1956.*

THE MEMBERS OF THE 49TH BENGALEE REGIMENT
AND THE BENGAL AMBULANCE CROPS.

# ৪৯তম বেঙ্গল রেজিমেন্ট ও বেঙ্গল অ্যাম্বুলেন্স কোর এর সদস্যবৃন্দের পক্ষ থেকে রায় বাহাদুর আর. পি. সাহা-কে আনুষ্ঠানিক সংবর্ধনা অনুষ্ঠানে প্রদত্ত মানপত্র

**রায় বাহাদুর,**

৪৯তম বেঙ্গল রেজিমেন্ট ও বেঙ্গল অ্যাম্বুলেন্স কোর এর প্রাক্তন সহযোদ্ধাবৃন্দ আজ আপনাকে একজন বিশিষ্ট সৈনিক, একজন অসাধারণ ব্যবসায়ী এবং সর্বোপরি একজন মানবপ্রেমী হিসেবে স্বাগত জানাচ্ছি। প্রকৃতপক্ষে আপনার ঘটনা বহুল জীবন পর্যালোচনা করা এবং আপনার কৃতিত্বপূর্ণ কাজের মূল্যায়ন করা সহজ কাজ নয়।

মানবতার সেবাকর্মে আপনার সহজাত প্রবৃত্তি প্রথম বিশ্বযুদ্ধে আপনাকে বেঙ্গল অ্যাম্বুলেন্স কোর-এ যোগদানে উৎসাহিত করে। জেনারেল টাউনসেন্ড (Townsend) এর বিগ্রেডে অন্তর্ভুক্ত হওয়ার পর ইরাকের কুট-আল-আমারা অবরোধকালে অন্য সৈনিকেরা যেখানে দক্ষতা প্রদর্শনে ব্যর্থ হয় সেখানে আপনি অসম সাহসিকতা দেখিয়ে অসাধারণ নৈপুণ্যের স্বাক্ষর রাখেন। পরবর্তীতে আপনার সামরিক কৃতিত্বের জন্য ব্রিটিশ রাজত্বের প্রথম বাঙালি সামরিক ইউনিট বেঙ্গল ডাবল কোম্পানিতে সম্পৃক্ত হতে আপনাকে সহায়তা করে। ১৯১৭ সালে যখন বেঙ্গল রেজিমেন্ট সক্রিয়ভাবে যাত্রা শুরু করে, তখন আপনি করাচি-তে সিনিয়র ভারতীয় অফিসার হিসেবে দায়িত্ব পালন করেন। প্রথম বিশ্বযুদ্ধ শেষে লন্ডনে অনুষ্ঠিত শান্তি-সম্মেলনে আপনাকে একজন নন-কমিশন্ড অফিসার ও একজন সৈনিকসহ ৪৯তম বেঙ্গলিজের প্রতিনিধি নির্বাচন করা হয়।

যুদ্ধ থেকে ফিরে আপনি কিছুদিন ইস্ট বেঙ্গল রেলওয়ে ও ক্যালকাটা পোর্ট কমিশনে কাজ করেন। তারপর আপনি বিখ্যাত বেঙ্গল রিভার সার্ভিস কোম্পানির দায়িত্বভার গ্রহণ করেন। এই দায়িত্ব পালনকালে আপনি মেধা ও সাংগঠনিক যোগ্যতার প্রমাণ দেন এবং ঐশ্বর্য ও সৌভাগ্যের দেবী আপনার ওপর প্রসন্ন হন। আপনি লক্ষ লক্ষ টাকা উপার্জন করেন এবং মানবতার কল্যাণে লক্ষ লক্ষ টাকা দান করে এক কিংবদন্তীতে পরিণত হন। অর্জিত সমুদয় সম্পদ আপনার শ্রদ্ধেয়া মায়ের নামাঙ্কিত প্রতিষ্ঠান 'কুমুদিনী ট্রাস্ট' এর নামে হস্তান্তর করে দেন।

আপনার জনকল্যাণমূলক কর্মকাণ্ডের মধ্যে কয়েকটি অসাধারণ অবদানের কথা উল্লেখ করা যায়। যেমন রবীন্দ্রনাথ মেমোরিয়েল ফান্ড, কোলকাতা বিশ্ববিদ্যালয় এবং রেডক্রস ফান্ডে অর্থ প্রদান, টাঙ্গাইল মহিলা কলেজ স্থাপন, ১৯৪৩ সালে বাংলায় দুর্ভিক্ষ চলাকালে বিপুল সংখ্যক দুঃস্থ মানুষের খাদ্যের সংস্থান করা ইত্যাদি। বলা যায় এগুলো ছিল যেন ঐশ্বরিক কর্মকাণ্ড, কোনো মানুষের কাজ নয়। এমন কাউকে আমাদের জানা নেই যিনি আপনার চেয়ে অধিক মানবিক।

'কুমুদিনীর স্বর্গ' হিসেবে পরিচিত মির্জাপুরের প্রতি যথার্থই আপনার সম্পূর্ণ মনোযোগ নিবদ্ধ হয়েছে। সেখানে আপনি প্রতিষ্ঠা করেন কুমুদিনী হাসপাতাল – যেখানে প্রতিদিন সহস্র রোগীকে বিনামূল্যে চিকিৎসা দেয়া হয়, স্থাপন করেন মেয়েদের জন্য অবৈতনিক বিদ্যালয় ভারতেশ্বরী হোম্‌স, শোভা সুন্দরী ডিসপেনসারি এবং মানিকগঞ্জে দেবেন্দ্র কলেজ। এসবই আপনার নিজের, আপনার মহিয়সী জীবনসঙ্গিনী ও কন্যাদের মহানুভবতার সাক্ষ্য বহন করে।

**রায় বাহাদুর,** আপনি কেবলমাত্র একটি দেশেরই নন, বিশ্বেরও একজন মহান ব্যক্তিত্ব। আপনি কোনো একক জাতির নন, আপনি সমগ্র বিশ্বের সম্পদ। আমরা সমগ্র অন্তর থেকে আপনার ভবিষ্যৎ স্বপ্নকে সাধুবাদ জানাই। যে পরিকল্পনা বাস্তবায়িত হলে আপনার নিজভূমি মির্জাপুরে ব্যবস্থা থাকবে দুই হাজার শয্যার একটি হাসপাতাল, পাঁচ হাজার ছাত্রীর অধ্যয়নের সুযোগ সম্বলিত একটি বিশ্ববিদ্যালয়, একটি মেডিকেল কলেজ, একটি শিক্ষক প্রশিক্ষণ কলেজ, একটি নার্স প্রশিক্ষণ কলেজ এবং একটি বিদ্যুৎ-চালিত কুটির শিল্প স্থাপনা। আমাদের অনুরোধ আপনি অন্যান্য স্থানের দুঃখ-দুর্দশাগ্রস্ত মানুষসহ দারিদ্রপীড়িত আপনার সেনা-সহযোদ্ধাদের প্রয়োজনের কথাও স্মরণে রাখবেন।

আপনার প্রেরণার উৎস শক্তির অধিষ্ঠাত্রী দেবী 'মা দুর্গা'র কৃপায় আপনার সকল স্বপ্ন বাস্তবায়িত হোক এই কামনা করি।

কোলকাতা
২ অক্টোবর, ১৯৫৬ খ্রিঃ

আপনার সহযোদ্ধাবৃন্দ
৪৯তম বেঙ্গলি রেজিমেন্ট ও
বেঙ্গল অ্যাম্বুলেন্স কোর এর সদস্যবৃন্দ

(অনূদিত)

# কুমুদিনীর ঐতিহ্যবাহী শারদীয় দুর্গোৎসব সরকারের তিন উপদেষ্টাসহ দেশী-বিদেশী অতিথিদের পূজামণ্ডপ ও কুমুদিনী কমপ্লেক্স পরিদর্শন

# Durga Puja Festival at Kumudini Visited by Govt Advisers, Foreign and Local Guests



*Cultural programme at the puja mandap in the presence of local and foreign audiences.*

কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের প্রতিষ্ঠাতা দানবীর রণদা প্রসাদ সাহা-র মির্জাপুরস্থ গ্রামের বাড়িতে প্রতি বছরের মতো এবারও সাড়ম্বরে শারদীয় দুর্গোৎসব উদ্‌যাপিত হয়েছে।

পাঁচদিনব্যাপী অনুষ্ঠিত এই উৎসবের দিনগুলোতে সর্বস্তরের দর্শনার্থীদের সমাগমে পূজাঙ্গন অনন্দমুখরিত হয়ে ওঠে। তাদের মধ্যে ছিলেন অন্তর্বর্তীকালীন সরকারের তিন উপদেষ্টা, প্রশাসনের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, রাজনৈতিক নেতৃবৃন্দ, তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা, বিভিন্ন দেশের রাষ্ট্রদূত ও কূটনীতিকবৃন্দ এবং সুপ্রিম কোর্টের বিচারপতি। সরকারের উপদেষ্টামণ্ডলীর সদস্যরা হলেন সমাজ কল্যাণ, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উপদেষ্টা শারমীন এস মুরশিদ, শিল্প গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের উপদেষ্টা আদিলুর রহমান খান এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের উপদেষ্টা ফরিদা আখতার এবং সাবেক উপদেষ্টা সুলতানা কামাল।

প্রশাসনের কর্মকর্তাদের মধ্যে ছিলেন বাংলাদেশ আনসার ও ভিডিপি-র মহাপরিচালক মেজর জেনারেল আবদুল মোতালেব সাজ্জাদ মাহমুদ পিএসসি, বাংলাদেশ পুলিশের মহাপরিদর্শকের পরিবারবর্গ, টাঙ্গাইল জেলা প্রশাসক শরীফা হক, পুলিশ সুপার মো. মিজানুর রহমান, সুপ্রিম কোর্টের বিচারপতি জাস্টিস বিশ্বদেব চক্রবর্তী প্রমুখ। বিশিষ্ট রাজনৈতিকদের মধ্যে ছিলেন বিএনপি-র ভাইস চেয়ারম্যান আমীর খসরু মাহমুদ প্রমুখ।

পরিদর্শনকারী রাষ্ট্রদূত ও কূটনীতিকদের মধ্যে ছিলেন কানাডার হাইকমিশনার অজিত সিং, জার্মানীর রাষ্ট্রদূত ড. রুডিজার লুটজ, ব্রিটিশ হাইকমিশনার সারা কুক ও ডেপুটি হাইকমিশনার জেমস গোল্ডম্যান, ভারতের হাইকমিশনার প্রণয় কুমার ভার্মা, নেপালের রাষ্ট্রদূত ঘনশ্যাম ভাণ্ডারি, সুইডেনের রাষ্ট্রদূত নিকোলাস উইক্‌স, সুইজারল্যান্ডের হেড অব মিশন দিপক এলমার, মার্কিন যুক্তরাষ্ট্রের ডেপুটি চিফ অব মিশন মেগান বাউলদিন, ইটালীর রাষ্ট্রদূত টিলম্যান জে. ফার্টিল, দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রদূত পার্ক ইয়াং-সিক, ওয়ার্ল্ড ব্যাংকের বিভাগীয় কান্ট্রি ডিরেক্টর জাঁ পেসমে, ব্র্যাক ব্যাংকের চেয়ারম্যান মেহেরিয়ার এম হাসান প্রমুখ। অতিথিগণ পূজামণ্ডপ পরিদর্শন ছাড়াও কুমুদিনী কমপ্লেক্সের বিভিন্ন সেবাধর্মী প্রতিষ্ঠান যেমন কুমুদিনী হাসপাতাল, কুমুদিনী নার্সিং কলেজ, কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজ, ভারতেশ্বরী হোম্‌স, কুমুদিনী মেডিকেল টেকনোলজি ইন্সটিটিউট প্রভৃতি পরিদর্শন করেন।

সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাবে উপদেষ্টা ফরিদা আখতার বলেন, পূজামণ্ডপ ও আর পি সাহা-র প্রতিষ্ঠিত বিভিন্ন সেবাধর্মী প্রতিষ্ঠানের মান ও নিয়মশৃঙ্খলা দেখে আমি মুগ্ধ ও অভিভূত। শহিদ দানবীর আর পি সাহা নিজের জন্য নয়, এ দেশের মানুষের কল্যাণের জন্য অনেক কিছু করে গেছেন। একই কথা বলেন উপদেষ্টা আদিলুর রহমান খান ও উপদেষ্টা শারমীন এস মুরশিদ।

সন্ধ্যায় অতিথিবৃন্দ মণ্ডপ প্রাঙ্গণে কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজ, নার্সিং কলেজ ও ভারতেশ্বরী হোম্‌সের ছাত্রীদের অংশগ্রহণে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করেন।

The historic autumnal worship the goddess Durga was celebrated at the Mirzapur residence of Ranada Prasad Shaha, founder of Kumudini Welfare Trust.

Thousands of devotees gathered during the five-day festival. Among the visitors were three advisers of the interim government, senior administrative officials, political leaders, former advisers, ambassadors, diplomats, and Supreme Court justices.

The advisers included Ms Sharmeen S. Murshid (Social Welfare, Women & Children Affairs), Mr Adilur Rahman Khan (Industries and Housing), and Ms Farida Akhter (Fisheries and Livestock), along with former adviser Ms Sultana Kamal and politicians.

Foreign dignitaries from Canada, Germany, the UK, India, Nepal, Sweden, Switzerland, the USA, Italy, South Korea, and representatives of the World Bank and Brac Bank visited the Puja Mandap and Kumudini Complex.

The guests also toured Kumudini Hospital, Nursing College, Medical College, Bharateswari Homes, and Medical Technology Institute in the Complex. Government advisers praised the discipline, quality, and humanitarian service legacy of R P Shaha.

In the evening, visitors enjoyed cultural performances by students of Kumudini institutions.

# Hon’ble Guests At The Puja Festival













# ভারতেশ্বরী হোম্স
# মেধা পুরস্কার : ২০২৫ অনুষ্ঠানে
# প্রধান অতিথি শিক্ষা সচিব

# Bharateswari Homes
# Merit Award : 2025
# Chief Guest Secretary of Edn




*Mrs Rehana Parvin, Secretary of Secondary and Higher Education Division, presenting an award to a student at the Merit Award Ceremony.*

৬ ডিসেম্বর মির্জাপুর কুমুদিনী কমপ্লেক্সে ভারতেশ্বরী হোম্স প্রাঙ্গণে এক উৎসবমুখর পরিবেশে বিদ্যালয়টির বার্ষিক মেধা, সাহিত্য ও সাংস্কৃতিক পুরস্কার : ২০২৫ অনুষ্ঠিত হয়।

এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব রেহানা পারভীন। অনুষ্ঠানের বিশেষ অতিথি ছিলেন ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের যুগ্মসচিব সাইদা আফরোজ। এছাড়া উপস্থিত ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের একাধিক কর্মকর্তা।

অতিথিবৃন্দকে অভ্যর্থনা জানিয়ে প্রদর্শিত হয় ছাত্রীদের মনোমুগ্ধকর কুচকাওয়াজ, ডিসপ্লে ও পাইপ ব্যান্ড। এরপর অতিথিবৃন্দ ছাত্রীদের বিভিন্ন ক্লাব পরিদর্শন করেন, যেখানে শিক্ষার্থীদের সৃজনশীলতা, নেতৃত্ব ও সহশিক্ষা কার্যক্রমের পরিচয় ফুটে ওঠে।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানের মূল পর্ব অনুষ্ঠিত হয় বিদ্যালয়ের পি পি এম হলে অধ্যক্ষ ড. মন্দিরা চৌধুরীর বক্তব্যের মাধ্যমে। বক্তব্যে তিনি হোম্সের শিক্ষাদর্শন, অর্জন ও ভবিষ্যৎ লক্ষ্য তুলে ধরেন। এরপর উপস্থাপিত হয় ভারতেশ্বরী হোম্সের বিভিন্ন কর্মকাণ্ডের বার্ষিক প্রতিবেদন।

প্রধান অতিথির ভাষণে শিক্ষা সচিব রেহানা পারভীন শিক্ষার্থীদের উদ্দেশ্যে অনুপ্রেরণামূলক বক্তব্য প্রদান করেন। তিনি শৃঙ্খলা, মানবিকতা ও মানসম্মত শিক্ষার গুরুত্ব তুলে ধরেন এবং দেশে-বিদেশে ভারতেশ্বরী হোম্সের পরিচয়ের তথ্য তুলে ধরে প্রশংসা করেন।

মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান শেষে অনুষ্ঠিত হয় মেধা, সাহিত্য ও সাংস্কৃতিক বিষয়ে পুরস্কার বিতরণ। অনুষ্ঠানের সমাপ্তি ঘটে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহার সমাপনী বক্তব্যের মাধ্যমে।

The Annual Merit, Literature and Cultural Award Ceremony 2025 of Bharateswari Homes was held on 6 December at the premises of Homes in Kumudini Complex.

The chief guest was Mrs Rehana Parvin, Secretary of the Secondary and Higher Education Division. Special guest Mrs Saida Afroze, Joint Secretary of the Ministry of Posts and Telecommunications, was also present.

The main segment of the prize distribution ceremony commenced at the PPM Hall with an address by the Homes' Principal Dr Mondira Chowdhury. In her speech she highlighted the school's educational philosophy, achievements, and future goals. This was followed by the presentation of the annual report outlining the various activities of Bharateswari Homes.

Students presented cultural performances, displays, and pipe band shows. The event included prize distribution and annual reports, concluding with a speech by Mr Rajiv Prasad Shaha, Managing Director of Kumudini Welfare Trust.

## The Chief Guest of the Award Ceremony is seen observing the commendable activities of the students of Bharateswari Homes.








# কক্সবাজারে কেপিএল এর ২০তম বার্ষিক সেল্স কনফারেন্স

# KPL Holds 20th Annual Sales Conference at Cox's Bazar




*Senior management officials are seen on the stage during the Annual Sales Conference 2025 of KPL.*

৯ ডিসেম্বর সামুদ্রিক উপকূলীয় নগরী কক্সবাজারের জারা কনভেনশন সেন্টারের মনোরম পরিবেশে দিনব্যাপী কেপিএল-এর বার্ষিক কনফারেন্স ২০২৫ অনুষ্ঠিত হয়। এটি ছিল কোম্পানির ২০তম বার্ষিক সেলস কনফারেন্স। এবারের কনফারেন্সের প্রতিপাদ্য বিষয় ছিল "Rise to Grow".

পবিত্র কোরআন ও পবিত্র শ্রীমদ্ভাগবদ্‌গীতা থেকে নির্বাচিত অংশ পাঠের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা হয়। তার আগে অতিথিবৃন্দ মঞ্চে আসন গ্রহণ করেন এবং তাঁদের ফুল দিয়ে শুভেচ্ছা জানানো হয়।

সারা দেশে অবস্থিত কেপিএল-এর ২৫টি অঞ্চল, ফ্যাক্টরি ও হেড অফিস এবং কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের হেড অফিসের ঊর্ধ্বতন কর্মকর্তাসহ প্রায় ১২শ' অংশগ্রহণকারীর উপস্থিতিতে কনফারেন্সের আনুষ্ঠানিক উদ্বোধন করেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা।

সম্মেলনে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের শীর্ষ ব্যক্তি রাজীব প্রসাদ সাহা তাঁর বক্তৃতায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বলেন, সমুদ্র সৈকত নগরীর এই সুন্দর প্রাকৃতিক পরিবেশে আপনারা দূর-দূরান্ত থেকে আমন্ত্রিত হয়ে এসেছেন যাতে সারা বছরের কর্মক্লান্তি কিছুটা হলেও দূর করতে পারেন। যাতে নতুন করে উজ্জীবিত হয়ে পূর্ণ উদ্যোমে নিজ নিজ কর্মক্ষেত্রে আত্মনিয়োগ করতে পারেন।

ব্যবস্থাপনা পরিচালক বলেন, আশানুরূপ 'গ্রোথ' বৃদ্ধির লক্ষ্যে KPL Management এবার যে Theme স্থির করেছেন তা হলো Rise to Grow. আপনারা অবগত আছেন, প্রবৃদ্ধি বা গ্রোথ ব্যতীত কোনো কোম্পানির অস্তিত্ব টিকিয়ে রাখা দুরূহ। চলতি ২০২৫ সালে কেপিএল-এর বেশ কিছু জোন ভালো কাজের স্বাক্ষর রেখেছেন।

তিনি বলেন, কয়েক বছরের তুলনায় সেলের ক্ষেত্রে চলতি বছর প্রবৃদ্ধির কিছুটা উন্নতি হয়েছে। এ বছর নভেম্বর মাসে আপনারা ১৩ কোটি ৬০ লক্ষ টাকা সর্বোচ্চ মাসিক সেলের লক্ষ্যমাত্রা অর্জন করেছেন। এটি নিঃসন্দেহে একটি উন্নতির সূচক। ব্যবস্থাপনা পরিচালক বলেন, আপনারা অবগত আছেন যে, কুমুদিনী একটা সেবামূলক প্রতিষ্ঠান। কেপিএল আমাদের ট্রাস্টের Money Generating Unit-গুলোর মধ্যে অন্যতম। এই আয় দিয়েই কুমদিনীর সেবা কার্যগুলো পরিচালিত হয় এবং আপনাদের বেতনাদির সংস্থান হয়। উপস্থিত সকলের উদ্দেশ্যে তিনি বলেন, আসন্ন

The annual sales conference of Kumudini Pharma Ltd (KPL) was held on 9 December 2025 in a pleasant and scenic environment at the Cox's Bazar Zara Convention Center by the seaside. This was the company's 20th annual sales conference. The theme of this year's conference was "Rise to Grow."

The programme began with recitation from the Holy Qur'an and the Holy Srimad Bhagavad Gita. Prior to that, the invited guests took their seats on the dais and were welcomed with flower bouquets.

The formal inauguration of the conference was conducted by Mr Rajiv Prasad Shaha, Managing Director of Kumudini Welfare Trust (KWT) , in the presence of about 1,200 participants, including executives from KPL's 25 units across the country—regions, factories, head office, and the head office of Kumudini Welfare Trust.

In his welcome speech, Mr Rajiv Prasad Shaha warmly greeted all participants and said that everyone had come from far and wide to this beautiful coastal city so that, even if only a little, they could get relief from the fatigue of a year-long workload and rejuvenate themselves, returning to their respective workplaces with renewed energy and dedication.

The Managing Director stated that with the objective of expected "Growth" KPL management had chosen the theme "Rise to Grow." He noted that without growth, no company's existence can be sustained. In 2025, KPL had achieved several significant successes. Compared to previous years, sales performance showed noticeable improvement. In November of this year, the company achieved its highest-ever monthly sales target of BDT 13 crore 60 lakh, which is undoubtedly an indicator of progress.

He further mentioned that Kumudini is a service-oriented institution, and KPL is one of the major money-generating units of the Trust. The income generated by KPL is used to operate Kumudini's service activities and to pay employees' salaries and benefits. Addressing all present, he emphasized that in 2026 everyone must sincerely work toward

২০২৬ সালে আপনাদের প্রতিশ্রুত এই যে প্রতিপাদ্য "Rise to Grow" এর প্রতি আন্তরিক থেকে ১৭৫ কোটি টাকার বিক্রয়ের লক্ষ্যমাত্রা অতিক্রম করতে হবে।

ম্যানেজমেন্টকে বলবো, কর্মীদের Performance Report যথাশীঘ্র প্রস্তুত করে পেশ করুন যাতে সংশ্লিষ্টদের স্যালারি বৃদ্ধির কাজটি আমরা সম্পন্ন করতে পারি।

অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন ব্যবস্থাপনা পরিচালকের উপদেষ্টা এস এন কৈরী। তিনি তাঁর সাবেক প্রতিষ্ঠান ব্র্যাক এর অভিজ্ঞতা তুলে ধরেন এবং মাঠকর্মীদের উদ্দেশ্যে বলেন, আপনারা কেপিএল-এর পণ্য বিক্রয়ের পাশাপাশি ৯২ বছরের পুরনো কুমুদিনী ট্রাস্টের আদর্শ ও উদ্দেশ্যের কথা চিকিৎসক, কেমিস্ট এবং ক্রেতাদের কাছে তুলে ধরবেন।

কেপিএল এর জেনারেল ম্যানেজার (অপারেশন) এস এম জাকারিয়া তাঁর বক্তব্যে জানান যে, ২০২৫ সালটি কুমুদিনী ফার্মার জন্য পরিশ্রম, চ্যালেঞ্জ, সাফল্য ও একতাবদ্ধ টিমওয়ার্কের বছর। পুরো বছর জুড়ে আমাদের সর্বস্তরের কর্মীবাহিনী যে নিষ্ঠা, মনোবল ও প্রতিশ্রুতির সঙ্গে কাজ করেছেন তার-ই ফলাফল উদ্‌যাপনের জন্য আমরা সবাই কক্সবাজারের এই সমুদ্র সৈকতে উপস্থিত হয়েছি।

তিনি বলেন, আমাদের রয়েছে আত্মবিশ্বাসী ও নিবেদিত প্রাণ টিম। এই টিমগুলোর মধ্যে রয়েছে পারস্পরিক সহযোগিতা। আমরা ২০২৬ সালে ১৭৫ কোটি টাকার সেল করার লক্ষ্যমাত্রা স্থির করেছি। আমার দৃঢ় বিশ্বাস, আমাদের কর্মতৎপর টিমগুলো এই লক্ষ্যমাত্রা অতিক্রম করার চ্যালেঞ্জ গ্রহণ করতে সক্ষম হবে।

কনফারেন্সের এক পর্যায়ে পাওয়ার পয়েন্ট উপস্থাপনার মাধ্যমে Market Opportunity, বিভিন্ন Strategy, সেল্‌সের বিভিন্ন কৌশল, ভবিষ্যৎ পরিকল্পনা ইত্যাদি বিষয় দর্শকদের সামনে বোধগম্য ভাষায় তুলে ধরা হয়। এই উপস্থাপনায় যথাক্রমে অংশ নেন ম্যানেজার পিএমডি পিন্টু ভূষণ মিত্র এবং হেড অব সেল্‌স মো. আবদুর রব।

অতঃপর সেল্‌স টিমের কয়েকজন মঞ্চে এসে তাদের অভিজ্ঞতা শেয়ার করেন। তাদের মধ্যে ছিলেন কুমিল্লা ও সিলেট অঞ্চলের সহকারি সেল্‌স ম্যানেজার যথাক্রমে মো. বোরহান উদ্দিন ও অনুরূপ আচার্য এবং গাজিপুর অঞ্চলের আরএসএম মো. জিয়াউল হক।

যারা সারা বছর পরিশ্রম, দায়িত্বশীলতা এবং পারফরম্যান্সের মাধ্যমে কুমুদিনী ফার্মাকে সমৃদ্ধ করেছেন সম্মেলনে তাদের স্বাগত জানানো হয়। এই সম্পর্কিত পূর্ণ তালিকা কুমুদিনী বুলেটিনের পরবর্তী সংখ্যায় প্রকাশ করা হবে।

সমগ্র অনুষ্ঠান সঞ্চালনার দায়িত্ব পালন করেন কেপিএল-এর দু'জন কর্মকর্তা যথাক্রমে স্মৃতিকণা কর্মকার ও মাধুরী সাহা।

achieving the sales target of BDT 175 crore in line with the theme "Rise to Grow."

He also instructed management to submit employees performance reports promptly so that salary increment processes could be completed on time.

Another speech was delivered by Mr G N Kairy, Advisor to the Managing Director. He shared his previous organizational experience and urged field employees to effectively communicate Kumudini Trust's 92-year-old legacy, ideals, and mission—along with KPL's products—to physicians, chemists, and customers. Mr Manik K Sarker, CFO of KWT, also spoke on the occasion.

KPL's General Manager (Operations), Mr S M Zakaria, stated that 2025 was a year of hard work, challenges, success, and united teamwork for Kumudini Pharma. The dedication, morale, and commitment with which employees at all levels worked throughout the year were the reason everyone could gather at this beautiful seaside location in Cox's Bazar to celebrate success.

He added that the organization has a confident and dedicated team, enriched with strong mutual cooperation. The sales target of BDT 175 crore for 2026 has already been set, and he expressed firm confidence that the capable team would successfully take on the challenge of achieving this target.

In one phase of the conference, presentations were delivered in easy-to-understand language covering topics such as market opportunities, various strategies, sales techniques, and future plans. These presentations were delivered respectively by Assistant General Manager (PMD) Mr Pintu Bhushan Mitra and Head of Sales Mr Md. Abdur Rob.

Later, several members of the sales team came on stage to share their experiences. Among them were Assistant Sales Managers from the Cumilla and Sylhet regions—Mr Md Borhan Uddin and Mr Anurup Acharya and RSM of the Gazipur region Mr Md. Ziaul Haque.

Employees who contributed to the growth of Kumudini Pharma throughout the year through hard work, responsibility, and performance were formally acknowledged and congratulated at the conference. The complete list of awardees will be published in the next issue of the Kumudini Bulletin.

The overall event was hosted and conducted by two KPL officials, Smriti Kana Karmakar and Madhuri Saha.




*Mr Rajiv Prasad Shaha, Managing Director of KWT, greeting the participants at the KPL's 20th Annual Sales Conference.*

# স্মাইল ট্রেন প্রজেক্ট
# কুমুদিনী হাসপাতালে নিখরচায় ঠোঁট কাটা ও তালু কাটা শিশু রোগীদের চিকিৎসার এক যুগ

# Smile Train Project
# A Decade of Free Treatment for Children with Cleft Lip and Cleft Palate at KH




*Under the "Smile Train Project", the child patients with cleft lip and cleft palate are regaining normal lives through treatments at Kumudini Hospital.*

আন্তর্জাতিক দাতব্য সংস্থা 'স্মাইল ট্রেন প্রজেক্ট' এর আওতায় ২০১৩ সাল থেকে কুমুদিনী হাসপাতালে গরিব ও দুঃস্থ ঠোঁট কাটা ও তালু কাটা শিশু রোগীদের উন্নতমানের শল্য চিকিৎসা দেওয়া হচ্ছে।

জন্মগত এই ত্রুটি নিয়ে জন্মানো শিশুরা এই চিকিৎসার ফলে ফিরে পাচ্ছে স্বাভাবিক জীবন ও হাসি। ২০১৩ সালের ৫ জুন কুমুদিনী হাসপাতাল ও স্মাইল ট্রেন দাতব্য সংস্থার মধ্যে এই জাতীয় চিকিৎসা বিষয়ে একটি চুক্তি স্বাক্ষরিত হয়। Smile Train-Kumudini Hospital Cleft Project শীর্ষক এই চলমান প্রকল্পের মাধ্যমে চলতি ২০২৫ সালের অক্টোবর পর্যন্ত প্রায় সাড়ে পাঁচশ' দরিদ্র পরিবারের শিশুর সফল চিকিৎসা হয়েছে।

প্রকল্পটির মূল উদ্দেশ্য শুধু অস্ত্রোপচারেই সীমাবদ্ধ নয়। এটি রোগীদের সম্পূর্ণ সুস্থতা ও স্বাভাবিক জীবনযাত্রায় ফিরিয়ে আনার জন্য একটি সামগ্রিক পরিচর্যার মডেল অনুসরণ করে। এই প্রকল্পের আওতায় রোগীদের বিনামূল্যে আন্তর্জাতিকমানের শল্য চিকিৎসা দেওয়া হয়, পুষ্টির চিকিৎসা ও ওষুধ সরবরাহ করা হয়, দরিদ্র রোগী ও তাদের অভিভাবকদের যাতায়াত খরচও দেওয়া হয়।

স্মাইল ট্রেন প্রকল্পের সহযোগিতায় কুমুদিনী হাসপাতাল এক যুগ যাবত সেবার মানসিকতা নিয়ে সারা দেশ থেকে আগত ঠোঁট কাটা ও তালু কাটা রোগীদের চিকিৎসার মাধ্যমে স্বাভাবিক মুখশ্রী ও স্পষ্ট কণ্ঠস্বর ফিরিয়ে দিয়ে তাদের আত্মবিশ্বাসী হিসেবে গড়ে তুলতে প্রশংসনীয় ভূমিকা পালন করে যাচ্ছে।

Since 2013, under the international charitable organization "Smile Train Project", Kumudini Hospital has been providing high-quality free surgical treatments for poor and underprivileged children with cleft lip and cleft palate.

Through this treatment, children born with these two congeital defects are regaining the normal lives and bright smile. Twelve years ago on 5 June 2013, a contract was signed between Kumudini Hospital and Smile Treatment Project to provide these treatments. Under this project nearly 550 children so far received treatments up to October 2025.

The primary objective of the project is not limited to surgery alone. The project adopts a holistic care to help patients regain complete health and return to normal lifestyle. The project provides with free world-class surgical care, nutritional support and medicines along with covering travel costs for under privileged patients and their guardians.

In collaboration with the Smile Train Project, Kumudini Hospital has been making commendable role by treating cleft lip and cleft palate patients from all over the country, restoring their natural smiles and clear speech and empowering them to gain confidence.

# কুমুদিনী কমপ্লেক্সে ক্যান্সার বিষয়ক সেমিনার ও ওয়ার্কশপ অনুষ্ঠিত

# Cancer-Related Seminars and Workshops Held at Kumudini Complex




*Seminar at KWMC as a part of Continuing Medical Education (CME). The chief discussant was Dr Andrew Robert Branagan, a specialist in Oncology & Hematology from the USA.*

১২ নভেম্বর মির্জাপুর কুমুদিনী কমপ্লেক্সে ক্যান্সার সম্পর্কিত দু'টি সেমিনার ও একটি কর্মশালা অনুষ্ঠিত হয়।

দিনব্যাপী এই কর্মসূচিতে প্রধান আলোচক ছিলেন ডা. এন্ড্রু রবার্ট ব্রেনাগন। তিনি মার্কিন যুক্তরাষ্ট্রের মেসাচুসেটস জেনারেল হাসপাতাল ও হার্ভাড মেডিকেল স্কুলের একজন অঙ্কোলজি ও হেমাটোলজি বিশেষজ্ঞ চিকিৎসক।

কন্টিনিউয়িং মেডিকেল এডুকেশন (CME) এর অংশ হিসেবে প্রথম সেমিনারটি অনুষ্ঠিত হয় কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের কনফারেন্স রুমে। এতে ডা. সায়েদা আফরিন নূর কুমুদিনী হাসপাতালে সফলভাবে চিকিৎসাপ্রাপ্ত Non-Hodgkin Lymphoma রোগে আক্রান্ত একজন রোগীর চিকিৎসা বিষয় উপস্থাপন করেন। এই সেমিনারে সভাপতিত্ব করেন কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসার ডা. এম এ হালিম।

Two seminars and a workshop was held at Mirzapur Kumudini Complex on 12 Nov 2025. Dr Andrew Robert Branagan, MD, PhD a specialist in Oncology & Hematology from Massachusetts General Hospital, Harvard Medical School, USA was the principal discussant at each event.

As a part of Continuing Medical Education (CME) the first seminar of the day on "Non-Hodgkin Lymphoma" was held at the conference room of Kumudini Women's Medical College(KWMC) .

Dr Sayeda Afrin Nur Hame presented a case of patient suffering from Non-Hodgkin Lymphoma who has been successfully treated at Kumudini Hospital. Prof Dr M A Halim, Principal of KWMC was the chairperson of the seminar.




*Seminar on "Awareness Building on Cancer Prevention" organized by RPSU held at the Library of Kumudini Complex, Mirzapur.*

দ্বিতীয় সেমিনারটি অনুষ্ঠিত হয় কুমুদিনী কমপ্লেক্সের লাইব্রেরিতে। আর. পি. সাহা বিশ্ববিদ্যালয় আয়োজিত এই সেমিনারের বিষয় ছিল "Awareness Building on Cancer Prevention". ড. অপূর্ব কুমার বর্মণ এতে তাঁর গবেষণালব্ধ বিষয় উপস্থাপন করেন। গবেষণার শিরোনাম ছিল "Optimized Combination Regimens of Vaccination and Radiotherapy Enhance Antitumor Immunity: A Path toward Clinical Translations". ড. বর্মণ আর. পি. সাহা বিশ্ববিদ্যালয়ের School of Life Sciences and Health এর ডিন এবং ফার্মেসি বিভাগের সহকারি অধ্যাপক।

The second seminar on "Awareness Building on Cancer Prevention" organized by Kumudini School of Nursing of R. P. Shaha University (RPSU) took place in the Library of Kumudini Complex.

Dr Apurba Kumar Barman, Dean, School of Life Sciences and Health and Assistant Professor, Dept. of Pharmacy, RPSU presented the findings of a research work. The title of the research was "Optimized Combination Regimens of Vaccination and Radiotherapy Enhance Antitumor Immunity: A Path toward Clinical Translations".




*Ms Tresha Khanam, a Lecturer of KNC, presenting on the topic "Nurses Role in Post Chemotherapy Patient Care" in the Workshop held at the auditorium of KNC.*

সবশেষে কুমুদিনী নার্সিং কলেজ (KNC) মিলনায়তনে "Nurses Role in Post Chemotherapy Patient Care" শীর্ষক একটি কর্মশালার আয়োজন করা হয়। KNC-র প্রিন্সিপাল সিস্টার রিনা ক্রুজের সভাপতিত্বে অনুষ্ঠিত এই কর্মশালায় উক্ত বিষয় সম্পর্কে বক্তব্য রাখেন ত্রেশা খানম। তিনি KNC-র একজন প্রভাষক এবং এখানেই MSc শ্রেণিতে অধ্যয়নরত।

The workshop on "Nurses Role in Post Chemotherapy Patient Care" was held at Kumudini Nursing College (KNC) auditorium. Ms Tresha Khanam, Lecturer and an MSc student at KNC caried out a presentation on the topic of the workshop. The programme was chaired by Sister Rina Cruz, Principal, KNC.

## KNC ও দঃ কোরিয়ার PMCI এর যৌথ উদ্যোগে 'টুগেদার ফর নার্সিং এক্সিলেন্স' শীর্ষক কর্মশালা

২৪ নভেম্বর কুমুদিনী নার্সিং কলেজ KNC ও দক্ষিণ কোরীয় সংস্থা ফার্স্ট পিপল ফর মেডিকেল কোঅপারেশন ইন্টারন্যাশনাল (PMCI) যৌথভাবে মির্জাপুরে একটি কর্মশালার আয়োজন করে।

KNC আয়োজিত 'টুগেদার ফর নার্সিং এক্সিলেন্স' শীর্ষক এই কর্মশালায় নার্সিংয়ে স্নাতকোত্তর শ্রেণি (MSN)-র শিক্ষার্থী, কুমুদিনী হাসপাতালের স্টাফ নার্স এবং KNC-র শিক্ষার্থীরা অংশ নেন।

কর্মশালায় প্রশিক্ষণের দায়িত্ব পালন করেন PMCI-এর একটি অভিজ্ঞ

## KNC and PMCI S Korea Jointly Host 'Together for Nursing Excellence Workshop'

Kumudini Nursing College (KNC) and the 1st People for Medical Cooperation (PMCI) South Korea jointly organized a Nursing Workshop on 24 November 2025 at KNC.

Participants in the workshop titled "Together for Nursing Excellence" included Master of Science in Nursing (MSN) students, Faculty members of KNC and Staff Nurses of Kumudini Women's Medical College and Hospital (KWMCH). Training programmes in the workshop were carried out by PMCI Medical Team. Members on the team




*Sister Rina Cruz, Principal of KNC, speaking in the Workshop titled "Together for Nursing Excellence" jointly organized by KNC and PMCI South Korea.*

মেডিকেল টিম। এই টিমের সদস্যগণ ছিলেন : ডা. ইউ-সেয়ং, জেনারেল সার্জন ; ডা. উ-রাম শিন, নিউরোসার্জন; চারজন নার্স জু-ইয়ং কিম, জি-ইউন ওহ, সু-ইক বেঙ এবং হুন-সিক চোই।

কর্মশালায় শিক্ষার্থীরা হাতেকলমে আধুনিক চিকিৎসা কৌশল, রোগীসেবার উন্নয়ন এবং চিকিৎসা-সংক্রান্ত দক্ষতা অর্জন বিষয়ে প্রশিক্ষণ লাভ করেন। এই লক্ষ্যে PMCI-এর বিশেষজ্ঞ টিমের সরাসরি নির্দেশনায় কয়েকটি বিশেষায়িত সেশন পরিচালিত হয়। এসব সেশনে প্রশিক্ষণের বিষয়গুলো ছিল : Practical CPR Training, Wound Cleaning and Care এবং Sterilization and Disinfection Management.

এই প্রশিক্ষণ কর্মশালা কুমুদিনী নার্সিং কলেজে আন্তর্জাতিক মানের শিক্ষা প্রদান ও ভবিষ্যৎ নার্স নেতৃত্ব গড়ে তোলার অঙ্গীকারকে আরও দৃঢ় করেছে। ●

were: Dr Yu-seong Yang, General Surgeon; Dr Woo-ram Shin, Neurosurgeon; Registered Nurses: Joo-young Kim, Ji-eun Oh, Soo- ik Bang, Ha-eun Baek and Administrative Officer Hyun-sik Cho.

The workshop focused on enhancing essential competencies for modern nursing practice with specialized sessions on: Practical Cardio-Pulmonary Resuscitation (CPR); Wound Cleaning and Care; Sterilization and Disinfection Management.

KNC extends its heartfelt appreciation to the PMCI Medical Team for the valuable contribution and unwavering commitment to fostering excellence in nursing education. Their support has played a vital role in enriching the skill and knowledge of future nursing professionals. ●




*Session on CPR, Wound Cleaning and Care, Sterilization and Disinfection Management as a part of the Workshop.*

# KTTI-য়ে বিভিন্ন ট্রেডে NHRDF অর্থায়িত কর্মসূচি চলছে

# NHRDF-funded Training Programmes Ongoing at KTTI



*Students receiving training in various trade courses at Kumudini Trade Training Institute in Mirzapur.*

দেশের যুবসমাজকে দক্ষতা উন্নয়ন কার্যক্রমে উদ্বুদ্ধ করার লক্ষ্যে ন্যাশনাল হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ফান্ড (NHRDF) এর আর্থিক সহায়তায় মির্জাপুরে কুমুদিনী ট্রেড ট্রেনিং ইনস্টিটিউট (KTTI) বর্তমানে তিনটি কোর্সে প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়ন করছে। কোর্স তিনটি হলো ড্রাইভিং (লেভেল-৩), হাউজকিপিং (লেভেল-২) এবং টেইলারিং ও ড্রেস মেকিং (লেভেল-২)। ২০১৭ সালে প্রতিষ্ঠিত NHRDF একটি Not for Print কোম্পানি হিসেবে বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অধীনে কাজ করে যাচ্ছে। বাজারের চাহিদা অনুযায়ী পাবলিক বা প্রাইভেট ট্রেনিং প্রতিষ্ঠানসমূহ NHRDF এর আর্থিক সহযোগিতায় দক্ষ মানুষ তৈরি করার উদ্দেশ্যে প্রশিক্ষণ প্রার্থী যুবক-যুবতি, শ্রমিক প্রভৃতিকে এই কার্যক্রমে অংশগ্রহণ করার সুযোগ প্রদান করছে। চলতি বছরের ২৩ জুন NHRDF ও KTTI এর প্রতিনিধিদের মধ্যে স্বাক্ষরিত এক চুক্তির আওতায় কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট (KWT) এর অঙ্গ প্রতিষ্ঠান কুমুদিনী ট্রেড ট্রেনিং ইনস্টিটিউট (KTTI) এই প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করছে। কুমুদিনীতে এই কার্যক্রম শুরু হয়েছে গত ১৮ আগস্ট। KTTI অন্তর্ভুক্তিমূলক, মানসম্মত ও চাহিদা ভিত্তিক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদানে প্রতিশ্রুতিবদ্ধ। প্রথম ব্যাচের প্রশিক্ষণার্থীদের কার্যক্রম নির্ধারিত সময়সীমার মধ্যে সফলভাবে সম্পন্ন হওয়ার পর বর্তমানে কুমুদিনীতে দ্বিতীয় ব্যাচের কার্যক্রম শুরু হয়েছে। ●

With financial support from the National Human Resource Development Fund (NHRDF), Kumudini Trade Training Institute (KTTI) in Mirzapur is currently conducting skill-development programmes in Driving (Level-3), Housekeeping (Level-2) and Tailoring & Dress Making (Level2).

In response to market demand , public and private training institutions, in collaboration with NHRDF, are providing opportunities for trainees – including young men and women, and workers – to participate in this programme aimed at developing skilled manpower.

Established in 2017, NHRDF operates under Bangladesh's Ministry of Finance to develop skilled manpower in the country. Under an agreement signed on 23 June, KTTI has been implementing these programmes since 18 August, successfully completing the first batch and launching the second. ●

## কুমুদিনী হ্যান্ডিক্রাফ্টস : রফিকুল ইসলামের প্রয়াণে স্মরণ সভা






*Mr Rajiv Prasad Shaha, MD of KWT, addressing the condolence meeting in Narayanganj on the demise of Mr Rafiqul Islam, Head of Operation, Kumudini Handicrafts.*

১৩ ডিসেম্বর নারায়ণগঞ্জে কুমুদিনী হ্যান্ডিক্রাফ্টসের হেড অব অপারেশনস রফিকুল ইসলামের মৃত্যুতে এক স্মরণ সভার আয়োজন করা হয়। উল্লেখ্য, তিনি ব্রেইন স্ট্রোকে আক্রান্ত হয়ে ঢাকা এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীনকালে ১২ নভেম্বর মৃত্যুবরণ করেন। মৃত্যুর আগ পর্যন্ত তিনি কুমুদিনী হ্যান্ডিক্রাফ্টসে গুরুত্বপূর্ণ দায়িত্বে কর্মরত ছিলেন।

স্মরণ সভায় তাঁর বিদেহী আত্মার শান্তি কামনাসহ কর্তব্যনিষ্ঠা ও কর্মদক্ষতার প্রশংসা করে আলোচনায় অংশ নেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনার পরিচালক রাজীব প্রসাদ সাহা, তাঁর উপদেষ্টা এস এন কৈরী, গ্রুপ সিএফও মানিক কুমার সরকার প্রমুখ। ●

# R. P. Shaha University (RPSU)

## কুমুদিনী ট্রাস্টের প্রতিষ্ঠাতা দানবীর রণদা প্রসাদ সাহা-র জন্মদিন পালিত

## Birth Anniversary of philanthropist R.P. Shaha Celebrated




*Teachers and students of RPSU observing 129th birth anniversary of Rai Bahadur R. P. Shaha in the Complex.*

১৫ নভেম্বর কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের প্রতিষ্ঠাতা শহীদ দানবীর রায় বাহাদুর রণদা প্রসাদ সাহা-র ১২৯তম জন্মবার্ষিকী ও ট্রাস্টের ৯৪তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়। এই উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীগণ ক্যাম্পাসে এক বর্ণাঢ্য আনন্দ র‍্যালি ও আলোচনা সভার আয়োজন করেন।

উপাচার্য অধ্যাপক ড. মনীন্দ্র কুমার রায় সভায় আর পি সাহা-র মানবসেবা, ত্যাগ ও আদর্শের ওপর বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে শেষে প্রতিষ্ঠাতার জন্মদিন ও ট্রাস্টের প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে কেক কাটা হয়।

On 15 November the 129th birth anniversary of the founder of KWT Shaheed philanthropist Rai Bahadur Ranada Prasad Shaha and the 94th anniversary of the establishment of Kumudini Trust were observed. On the occasion, teachers and students of the university organized a colourful rally and a discussion meeting on the campus.

VC Prof Dr Manindra Kumar Roy delivered a speech highlighting R. P. Shaha's humanitarian service, sacrifice and ideals. The programme concluded with a cake-cutting ceremony marking the founder's birth anniversary and the Trust's founding anniversary.

## সার্ক শিক্ষা সম্মেলনে আরপিএসইউ ও ড. আবদুর রহিম যৌথভাবে পুরস্কৃত

## RPSU and Dr S A Rahim Jointly Awarded SAARC Edn Reward 2025




*Mr Jhala Nath Khanal, former Prime Minister of Nepal, distributing Awards at the SAARC Education Conclave & Ceremony 2025 in Kathmandu. RPSU and Prof Dr Sk Abdur Rahim were jointly nominated for the Award.*

২৯-৩০ আগস্ট নেপালের কাঠমাণ্ডুতে সার্ক শিক্ষা সম্মেলন ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান : ২০২৫ অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নেপালের সাবেক প্রধানমন্ত্রী ঝালানাথ খানাল।

সম্মেলনে সার্কভুক্ত দেশগুলোর মধ্য থেকে দুইশ'র বেশি প্রতিনিধি অংশ নেন। তন্মধ্যে 'সার্ক শিক্ষা পুরস্কার ২০২৫' লাভ করেন ১৫টি ইনস্টিটিউট

SAARC Education Conclave & Award Ceremony 2025 was held at Kathmandu, Nepal from 29 – 30 August 2025. Mr Jhala Nath Khanal, former Prime Minister, Government of Nepal was present as the Chief Guest.

RPSU as an institution and Prof Dr Sk Abdur Rahim, Head of the Department of Business Admn of RPSU were jointly

ও প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ। সম্মেলনের প্রধান অতিথি পুরস্কার বিতরণ করেন। উক্ত সম্মেলনে পুরস্কারপ্রাপ্ত অন্যতম ইনস্টিটিউট হচ্ছে আর. পি. সাহা বিশ্ববিদ্যালয় ও বিশ্ববিদ্যালয়ের বাণিজ্য প্রশাসন বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ড. শেখ আবদুর রহিম।

দু'দিন ব্যাপী এই সম্মেলনের কর্মসূচির মধ্যে ছিল আলোচনা অনুষ্ঠান, কী-নোট উপস্থাপনা, কাঠমাণ্ডুর বিভিন্ন প্রতিষ্ঠান ও ঐতিহাসিক স্থান পরিদর্শন, সার্টিফিকেট ও ক্রেস্ট বিতরণ, সাংস্কৃতিক অনুষ্ঠান ইত্যাদি। সবক'টি কর্মসূচি অধ্যাপক ড. শেখ আবদুর রহিমের সভাপতিত্বে সম্পন্ন হয়। ●

nominated for the Award by the Expert Committee.

More than 200 delegates from SAARC countries attended the programme out of which only 15 delegates and their institutions got this prestigious Award. Dr Rahim received the award from the Chief Guest.

The programme included formal discussion, paper presentation, panel discussion, keynote presentation, discussions, historical places visit, certificate and crest distribution, cultural programme etc. The entire programme was chaired by Dr Sheikh Abdur Rahim. ●

## RPSU VC Attends Int'l Conference in Beijing



VC Prof Dr Manindra Kumar Roy presented a scholarly paper on education, highlighting the remarkable contributions of Kumudini Welfare Trust, with special emphasis on RPSU at an international conference held in Beijing, China from 2-4 December 2025. The conference was attended by delegates from 18 countries across South- East Asia.

## Participation at UNDP Future Nation Summit




A six-member team comprising three faculty members and three students participated as delegates at the UNDP Future Nation Summit 2025 titled "Youth for the Tech and Industrial Economy" held on 30 November 2025. The summit took place at the National Science and Technology Complex, Agargaon, Dhaka.

The event was graced by several distinguished dignitaries, including the Secretary of the Ministry of Science and Technology, the Resident Representative of UNDP Bangladesh, the CEO of Grameenphone, the Director of the British Council Bangladesh and the Vice-chancellors of Rajshahi University and Maulana Bhasani Science and Technology University.

## English Fest : 2025




English Fest 2025 was held at the varsity campus making a truly memorable day for the students and faculty of the English Department.

## CSE Fest : 2025




CSE Fest 2025: On the concluding day of the two-day event , held on 9 November, students were awarded in recognition of the achievements in various fields. The photograph shows the award recipients.

## MoU Signed Between RPSU and Spectrum



The International Affairs Division of RPSU organized a seminar on Academic Collaboration on 25 October 2025. The keynote speaker in the seminar was Prof Dr Mohammed K. Haq, Hon'ble Member of Spectrum International University College, Malaysia. On the same day, an MoU was signed between RPSU and Spectrum aimed at fostering global partnerships, academic excellence and research collaboration.

## Professional Course in SPSS




Orientation programme for the Professional Course in SPSS (Oct-Dec 2025) was held on 11 October at the Multipurpose Hall, RPSU. The programme was organized by Kumudini Skill Development Institute (KSDI) and was anchored by S M Akber, Asst Prof, Dept of Business Administration.

## Industrial Tour of Business Admimistration Stndents




About 40 Business Administration students visited Berger Fosroc Ltd on 13 September as part of their Industrial Marketing Course. The visit was organized by Sumaiya Afrin, Lecturer of the Department.

## Medicinal Tree Plantation by Pharma Students




The Medicinal Tree Plantation was organized by RPSU Pharma Association recently. Students of the 25th Batch of Dept of Pharmacy actively participated in the initiative and they contributed medicinal plants to enrich the campus garden. Medicinal plants play a vital role in healthcare by providing natural remedies for wide range of diseases.

# কুমুদিনী হাসপাতাল
## চিকিৎসা পরিসংখ্যান
### সেপ্টেম্বর-ডিসেম্বর : ২০২৫

**টিকাদান কর্মসূচি**

| | সেপ্টেম্বর | অক্টোবর | নভেম্বর | ডিসেম্বর |
|---|---|---|---|---|
| পোলিও | ৫৫৩ | ৫৯৮ | ৫৬৮ | ৬৯৬ |
| টিটি | ১৭১ | ২১৯ | ১৬৫ | ১৬৮ |
| বিসিজি | ২৩৬ | ৩০১ | ২২৯ | ২৫৪ |
| রুবেলা | ২৫৩ | ৩১৩ | ২৩৫ | ২৪৫ |
| প্যান্টাভ্যালেন্ট | ৪৯১ | ৭২৬ | ৪৭৪ | ৫৪৮ |
| পিসিভি | ২০৫ | ২৫৩ | ৪২৭ | ২৬৮ |
| এফ,আই,পি,ভি | ৩৭২ | ৪৪৫ | ২৮৯ | ২৪১ |

**হাসপাতালে ভর্তিকৃত রোগী**

| | সেপ্টেম্বর | অক্টোবর | নভেম্বর | ডিসেম্বর |
|---|---|---|---|---|
| ভর্তি | ৪৪৮৯ | ৪৮২৩ | ৪৬০৯ | ৪১৬০ |

**বহির্বিভাগে মোট রোগী**

| | সেপ্টেম্বর | অক্টোবর | নভেম্বর | ডিসেম্বর |
|---|---|---|---|---|
| | ৫১১৪৪ | ৫২২৬০ | ৫১২২৮ | ৪২১৫০ |

**হাসপাতালে মৃত্যু**

| | সেপ্টেম্বর | অক্টোবর | নভেম্বর | ডিসেম্বর |
|---|---|---|---|---|
| | ১২০ | ১২০ | ৯১ | ৯৬ |

**অস্ত্রোপচার পরিসংখ্যান সার্জারি**

| | সেপ্টেম্বর | অক্টোবর | নভেম্বর | ডিসেম্বর |
|---|---|---|---|---|
| মেজর | ১২৫ | ৯৯ | ১২৯ | ১১৫ |
| সেমি মেজর | ৩৩ | ৪০ | ৪২ | ২৬ |
| মাইনর | ৫১৪ | ৫৪৬ | ৪৯৬ | ৪৭৫ |

**অর্থোপেডিক্স**

| | সেপ্টেম্বর | অক্টোবর | নভেম্বর | ডিসেম্বর |
|---|---|---|---|---|
| মেজর | ৭২ | ৭৭ | ৭০ | ৬১ |
| সেমি মেজর | ৪৪ | ৪২ | ৫২ | ৪১ |
| মাইনর | ৪৬৭ | ৪১৭ | ৪৯১ | ৩০০ |

**ঠোঁট কাটা, তালু কাটা**

| | সেপ্টেম্বর | অক্টোবর | নভেম্বর | ডিসেম্বর |
|---|---|---|---|---|
| মেজর | ০ | ৭ | ১০ | ১০ |

**নাক, কান, গলা**

| | সেপ্টেম্বর | অক্টোবর | নভেম্বর | ডিসেম্বর |
|---|---|---|---|---|
| মেজর | ৬৬ | ৫৫ | ৬০ | ৪৭ |
| মাইনর | ৩৯ | ৪৯ | ৪৫ | ৩২ |

**গাইনি**

| | সেপ্টেম্বর | অক্টোবর | নভেম্বর | ডিসেম্বর |
|---|---|---|---|---|
| মেজর | ৭৪ | ৬১ | ৬৬ | ৩৯ |
| সেমি মেজর | ৩৮ | ৩২ | ৫৯ | ৩৫ |
| মাইনর | ২ | ৪ | ৩ | ৪ |

**অবস্টেট্রিক্স**

| | সেপ্টেম্বর | অক্টোবর | নভেম্বর | ডিসেম্বর |
|---|---|---|---|---|
| মেজর | ৩১১ | ২৭২ | ২৬০ | ২৫৪ |
| স্বাভাবিক | ১৬১ | ১৭৪ | ১৮৭ | ১৮৪ |

**চক্ষু**

| | সেপ্টেম্বর | অক্টোবর | নভেম্বর | ডিসেম্বর |
|---|---|---|---|---|
| মেজর | ২৯৩ | ২৮৩ | ২১৮ | ১৯৮ |
| অন্যান্য | ৪৯ | ৫৫ | ৩৮ | ৩২ |

**অপারেশন দন্ত**

| | সেপ্টেম্বর | অক্টোবর | নভেম্বর | ডিসেম্বর |
|---|---|---|---|---|
| মেজর | ৮৫ | ৬১ | ৪৫ | ৭১ |
| সেমি মেজর | ১০৭ | ৯৫ | ১০৩ | ৯১ |
| মাইনর | ২৬ | ১৬ | ২৬ | ১৬ |

**মাইনর অপারেশন**

| | সেপ্টেম্বর | অক্টোবর | নভেম্বর | ডিসেম্বর |
|---|---|---|---|---|
| বহির্বিভাগ | ৭৯৮ | ৭৪৬ | ৭০২ | ৭২৮ |

**আই সি ইউ**

| | সেপ্টেম্বর | অক্টোবর | নভেম্বর | ডিসেম্বর |
|---|---|---|---|---|
| | ৫৪ | ৫৩ | ৫০ | ৬৪ |

**কিডনী ডায়ালাইসিস**

| | সেপ্টেম্বর | অক্টোবর | নভেম্বর | ডিসেম্বর |
|---|---|---|---|---|
| | ৩৭২ | ৩৪৭ | ৩২৪ | ৩৯৫ |

**এন আই সি ইউ**

| | সেপ্টেম্বর | অক্টোবর | নভেম্বর | ডিসেম্বর |
|---|---|---|---|---|
| | ২২৫ | ২৪৮ | ১৫১ | ১৮৪ |

**চক্ষু শিবির**

| ঠিকানা | মাস/তারিখ | পুরুষ | মহিলা | মোট |
|---|---|---|---|---|
| ফুলবাড়িয়া, ময়মনসিংহ | ৭/৯/২০২৫ | ১০৯ | ১০১ | ২১০ |
| মধুপুর, টাংগাইল | ১৫/৯/২৫ | ৫৪ | ৬১ | ১১৫ |
| ফুলবাড়িয়া, ময়মনসিংহ | ৭/১০/২০২৫ | ১০১ | ৯৬ | ১৯৭ |
| মধুপুর, টাংগাইল | ১৫/১০/২৫ | ৯২ | ১০০ | ১৯২ |
| ফুলবাড়িয়া, ময়মনসিংহ | ৮/১১/২০২৫ | ৯৯ | ১১৭ | ২১৬ |
| মধুপুর, টাংগাইল | ১৫/১১/২৫ | ৭৮ | ৯৫ | ১৭৩ |
| ফুলবাড়িয়া, ময়মনসিংহ | ৭/১২/২০২৫ | ৬৬ | ৯০ | ১৫৬ |
| মধুপুর, টাংগাইল | ১৫/১২/২৫ | ৫০ | ৪৪ | ৯৪ |

# Kumudini Hospital
## Treatment Statistics
### September-December : 2025

**Vaccination Programme**

| | September | October | November | December |
|---|---|---|---|---|
| Polio | 553 | 598 | 568 | 696 |
| T T | 171 | 219 | 165 | 168 |
| B C G | 236 | 301 | 229 | 254 |
| Robela | 253 | 313 | 235 | 245 |
| Pantavalent | 491 | 726 | 474 | 548 |
| PCV | 205 | 253 | 427 | 268 |
| FIPV | 372 | 445 | 289 | 241 |

**Patient Admitted in Hospital**

| | September | October | November | December |
|---|---|---|---|---|
| Admission | 4489 | 4823 | 4609 | 4160 |

**Out Patient**

| | September | October | November | December |
|---|---|---|---|---|
| | 51144 | 52260 | 51228 | 42150 |

**Patient Death in Hospital**

| | September | October | November | December |
|---|---|---|---|---|
| | 120 | 120 | 91 | 96 |

**Operation Surgery**

| | September | October | November | December |
|---|---|---|---|---|
| Major | 125 | 99 | 129 | 115 |
| Semi Major | 33 | 40 | 42 | 26 |
| Minor | 514 | 546 | 496 | 475 |

**Orthopaedics**

| | September | October | November | December |
|---|---|---|---|---|
| Major | 72 | 77 | 70 | 61 |
| Semi Major | 44 | 42 | 52 | 41 |
| Minor | 467 | 417 | 491 | 300 |

**Cleft Lip, Cleft Palate**

| | September | October | November | December |
|---|---|---|---|---|
| Major | 0 | 7 | 10 | 10 |

**ENT**

| | September | October | November | December |
|---|---|---|---|---|
| Major | 66 | 55 | 60 | 47 |
| Minor | 39 | 49 | 45 | 32 |

**Gynae**

| | September | October | November | December |
|---|---|---|---|---|
| Major | 74 | 61 | 66 | 39 |
| Semi Major | 38 | 32 | 59 | 35 |
| Minor | 2 | 4 | 3 | 4 |

**Obstetrics**

| | September | October | November | December |
|---|---|---|---|---|
| Major | 311 | 272 | 260 | 254 |
| Normal | 161 | 174 | 187 | 184 |

**Eye**

| | September | October | November | December |
|---|---|---|---|---|
| Major | 293 | 283 | 218 | 198 |
| Others | 49 | 55 | 38 | 32 |

**Dental**

| Operation | September | October | November | December |
|---|---|---|---|---|
| Major | 85 | 61 | 45 | 71 |
| Semi Major | 107 | 95 | 103 | 91 |
| Minor | 26 | 16 | 26 | 16 |

**Minor Operation**

| | September | October | November | December |
|---|---|---|---|---|
| Out Patient | 798 | 746 | 702 | 728 |

**ICU**

| | September | October | November | December |
|---|---|---|---|---|
| | 54 | 53 | 50 | 64 |

**Kidney Dialysis**

| | September | October | November | December |
|---|---|---|---|---|
| | 372 | 347 | 324 | 395 |

**NICU**

| | September | October | November | December |
|---|---|---|---|---|
| | 225 | 248 | 151 | 184 |

**Eye Camp**

| Address | Month/Date | Male | Female | Total |
|---|---|---|---|---|
| Fulbaria, Mymensingh | 7/9/2025 | 109 | 101 | 210 |
| Modhupur, Tangail | 15/9/25 | 54 | 61 | 115 |
| Fulbaria, Mymensingh | 7/10/2025 | 101 | 96 | 197 |
| Modhupur, Tangail | 15/10/25 | 92 | 100 | 192 |
| Fulbaria, Mymensingh | 8/11/2025 | 99 | 117 | 216 |
| Modhupur, Tangail | 15/11/25 | 78 | 95 | 173 |
| Fulbaria, Mymensingh | 7/12/2025 | 66 | 90 | 156 |
| Modhupur, Tangail | 15/12/25 | 50 | 44 | 94 |

Published by Kumudini Welfare Trust of Bengal (BD) Ltd. 86, Sirajuddowla Road, Khanpur, Narayanganj, Bangladesh. Tel: +8802224427177, +880222427188, +8802224427189, +8802224427168
E-mail: kumudini@dandylink.com, kwtdhaka@kumudini.org.bd, website : www.kumudini.org.bd